CENTRAL LIBRARY N.C.COLLEGE



**TDC (CBCS) Odd Semester Exam., 2020**
**held in March, 2021**

# BENGALI

## ( Modern Indian Language )

**( 3rd Semester )**

Course No. : BNGLAN–301T (Arts and Commerce)

**( ভাষাতত্ত্ব ও উনিশ শতকের বাংলা সাহিত্য )**

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

যে কোনো কুড়িটি প্রশ্নের উত্তর দাও : ১×২০=২০

১। বাংলা শব্দভাণ্ডার কতগুলি শ্রেণিতে বিভক্ত?

২। 'আনারস' শব্দটি কোন্ ভাষাজাত?

৩। একটি সিদ্ধ তৎসম শব্দের উদাহরণ দাও।

৪। 'চন্দ্র' শব্দটির তদ্ভব রূপ লেখো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৫। 'দাম' শব্দের উৎস ভাষা কোনটি?

৬। 'চিনি' শব্দটি কোন্ ভাষা থেকে উদ্ভূত?

৭। বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত একটি দেশী শব্দের উদাহরণ দাও।

৮। 'সূর্য' শব্দটি তৎসম না অর্ধতৎসম?

৯। 'সাপ অর্থে লতা'— এখানে অর্থ-পরিবর্তনের কোন্ ধারা অনুসৃত?

১০। অর্থ-সঙ্কোচের একটি উদাহরণ দাও।

১১। 'গঙ্গা > গাঙ = গাঙ্' শব্দে যে কোনো নদীকে বোঝায়। এটি অর্থ-পরিবর্তনের কোন্ ধারা?

১২। 'ঘটিকাপান > ঘড়েল' অর্থ-পরিবর্তনের কোন্ ধারায় হয়েছে?

১৩। অর্থ-প্রসারের একটি উদাহরণ দাও।

১৪। 'নিউজপেপার'কে আমরা 'পেপার' বলে থাকি। এর ফলে শব্দের অর্থের পরিবর্তন ঘটে। এ ধরনের অর্থ-পরিবর্তনের কারণ কী?

১৫। সংস্কারগত কারণে শব্দের অর্থ-পরিবর্তনের একটি উদাহরণ দাও।

১৬। অর্থ-সংশ্লেষের একটি উদাহরণ দাও।





১৭। সাধু গদ্যরীতির প্রচলন প্রধানত কোন্ শতকে হয়েছিল?

১৮। 'পুরহিত' শব্দটি শুদ্ধ না অশুদ্ধ?

১৯। 'প্রাচ্য ও পাশ্চাত্য' গ্রন্থটি কোন্ রীতিতে রচিত?

২০। সাধু ও চলিতরীতির মিশ্রণকে কোন্ ধরনের দোষ বলা হয়?

২১। আভিধানিক শব্দের প্রয়োগ বেশি হয় কোন্ গদ্যরীতিতে?

২২। 'অংক' না 'অঙ্ক'—কোনটি শুদ্ধ?

২৩। রেফের নীচে বাংলা বানানে দ্বিত্ব হয় না— শুদ্ধ না অশুদ্ধ?

২৪। 'আবিস্কার' না 'আবিষ্কার'—কোনটি শুদ্ধ?

২৫। 'কমলাকান্তের দপ্তর'-এর প্রকাশকাল কত?

২৬। "সস্তা খরিদের অবিরত চেষ্টাকে মনুষ্যজীবন বলে।" উক্তিটি কোন্ প্রবন্ধের অন্তর্গত?

২৭। 'কমলাকান্তের দপ্তর' কি ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২৮। কমলাকান্তকে কে দুধ সরবরাহ করতো ?

২৯। কমলাকান্ত প্রথম কোন্ বাজারে গিয়েছিলেন ?

৩০। কমলাকান্ত দেশি হাকিমকে কোন্ ফলের সঙ্গে তুলনা করেছিলেন ?

৩১। কমলাকান্ত কোন্ নেশায় আসক্ত ছিলেন ?

৩২। 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয় ?

৩৩। 'স্বপ্ন' কবিতায় কোন্ নগরীর উল্লেখ আছে ?

৩৪। 'কল্পনা' কাব্য কত বঙ্গাব্দে প্রকাশিত হয় ?

৩৫। "তবু বিহঙ্গ, ওরে বিহঙ্গ মোর, ....." পংক্তিটি কোন্ কবিতার অন্তর্গত ?

৩৬। 'দুঃসময়' কবিতাটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল ?

৩৭। "_____ পুঞ্জমেঘ অন্ধবেগে ধেয়ে চলে আসে"
( শূন্যস্থান পূর্ণ করো )

৩৮। 'বর্ষশেষ' কবিতাটি কত বঙ্গাব্দে রচিত ?

৩৯। 'স্বপ্ন' কবিতায় কোন্ নদীর উল্লেখ আছে ?

৪০। 'সদ্যোজাত মহাবীর' বলতে রবীন্দ্রনাথ কাকে নির্দেশ করেছেন ?





## SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

৪১। বাংলা শব্দভাণ্ডারের শ্রেণিবিভাগগুলোর নাম লেখো।

৪২। মৌলিক শব্দ বলতে কী বোঝ ?

৪৩। শব্দার্থ পরিবর্তনের দুটি ধারার নাম লেখো।

৪৪। 'সন্দেশ' শব্দের মূল অর্থ কী ছিল ? অর্থ-পরিবর্তনের ফলে এর অর্থ কী দাঁড়ায় ?

৪৫। সমাপিকা ও অসমাপিকা ক্রিয়ার ক্ষেত্রে সাধু-চলিতের পার্থক্য নির্ণয় করো।

৪৬। অশুদ্ধি সংশোধন করো : বাল্মিকি, মূহুর্ত।

৪৭। ভীষ্মদেব খোসনবীশ কে ছিলেন ? মঙ্গলা কার নাম ?

৪৮। 'বসন্তের কোকিল'-এর লেখক কে ? 'বসন্তের কোকিল' বলতে সুসময়ের না দুঃসময়ের পাখির কথা বলা হয়েছে ?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৪৯। 'কল্পনা' কাব্যের পূর্বে প্রকাশিত রবীন্দ্রনাথের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

৫০। 'স্বপ্ন' কবিতায় সংস্কৃত কোন্ কবির প্রভাব পড়েছে? কবিতায় উল্লিখিত 'কুরুবক' শব্দটির অর্থ লেখো।

## SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৮×৫=৪০

৫১। বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত আগন্তুক শব্দের পরিচয় দাও।

৫২। উদাহরণসহ তৎসম শব্দের পরিচয় দাও।

৫৩। উদাহরণসহ শব্দার্থ পরিবর্তনের প্রধান তিনটি ধারার পরিচয় দাও।

৫৪। উপযুক্ত উদাহরণ দিয়ে শব্দের অর্থ-পরিবর্তনের সংস্কারগত কারণ লেখো।

৫৫। উদাহরণসহ বাংলা সাধু গদ্যরীতির সংজ্ঞা ও কয়েকটি বৈশিষ্ট্য লেখো।

৫৬। সাধু ও চলিত গদ্যরীতির যে কোনো পাঁচটি পার্থক্য উদাহরণসহ আলোচনা করো।

৫৭। 'একা' প্রবন্ধের মূল ভাব বিশ্লেষণ করো।





৫৮। 'বড়বাজার' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র বাজারের বর্ণনার মাধ্যমে তৎকালীন সমাজ-জীবনের যে পরিচয় দিয়েছেন তার পরিচয় দাও।

৫৯। 'বৈশাখ' কবিতার ভাববস্তু নিজের ভাষায় লেখো।

৬০। 'বর্ষশেষ' কবিতায় প্রকৃতির যে বর্ণনা আছে তা তোমার নিজের ভাষায় বর্ণনা করো।

★★★

CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2020/TDC(CBCS)/ODD/SEM/**
**BNGSEC–301T/366**

**TDC (CBCS) Odd Semester Exam., 2020**
**held in March, 2021**

BENGALI

**( 3rd Semester )**

Course No. : BNGSEC–301T

( অনুবাদতত্ত্ব ও গণজ্ঞাপন )

*পূর্ণমান :* ৫০
*উত্তীর্ণমান :* ২০

*সময় :* ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

SECTION—A

যে কোনো পনেরোটি প্রশ্নের উত্তর দাও : ১×১৫=১৫

১। 'Target text'-এর বাংলা প্রতিশব্দ লেখো।

২। 'ভ্রান্তিবিলাস' কোন্ ইংরেজি গ্রন্থের বাংলা অনুবাদ?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৩। 'তোতাকাহিনী'-র রচয়িতা কে?

৪। "স্থান, ব্যক্তি ইত্যাদি বিশেষ্য পদের অনুবাদ হয় না।" মন্তব্যটি শুদ্ধ না অশুদ্ধ?

৫। অনুবাদের জন্য গৃহীত গ্রন্থটিকে কী বলা হয়—উৎসপাঠ না উদ্দিষ্টপাঠ?

৬। 'অভিজ্ঞানশকুন্তলম্'-এর বাংলা অনুবাদক কে?

৭। গিরিশচন্দ্র ঘোষের জন্ম সাল কত?

৮। শেক্সপিয়রের 'ম্যাকবেথ' নাটকটি কত সালে প্রকাশিত হয়?

৯। ডনালবেন কে?

১০। ব্যাঙ্কোর পুত্রের নাম কী?

১১। ম্যাকবেথের সহযোদ্ধার নাম লেখো।

১২। গিরিশচন্দ্রের 'ম্যাকবেথ' নাটকটি অভিনীত হয়েছে এমন একটি থিয়েটারের নাম লেখো।





১৩। 'Report'-এর বাংলা প্রতিশব্দ লেখো।

১৪। 'Interview'-এর বাংলা প্রতিশব্দ লেখো।

১৫। 'ৱাতচীত'-এর বাংলা প্রতিশব্দ লেখো।

১৬। 'মুমকিন'-এর বাংলা প্রতিশব্দ লেখো।

১৭। 'বাতৰি'-র বাংলা প্রতিশব্দ লেখো।

১৮। 'ডাঙৰিয়া'-র বাংলা প্রতিশব্দ লেখো।

১৯। বাংলা ভাষায় প্রথম মুদ্রিত পত্রিকা কোনটি?

২০। বিশ্বের সর্বপ্রথম নিয়মিত সংবাদপত্রটির নাম লেখো।

২১। "সংবাদ ভারতীয় গণতন্ত্রের চতুর্থ স্তম্ভ বলে স্বীকৃত।" মন্তব্যটি শুদ্ধ না অশুদ্ধ?

২২। কোন্ যুগকে 'The Age of Newspaper' বলা হয়?

২৩। 'সেকাল একালের সংবাদ পরিবেশনের ধারা ও বিচিত্র সংবাদ' গ্রন্থের রচয়িতা কে?

CENTRAL LIBRARY N.C.COLLEGE


২৪। 'সেকাল একালের সংবাদ পরিবেশনের ধারা ও বিচিত্র সংবাদ' গ্রন্থটির প্রকাশকাল কত?

২৫। ল্যাটিন শব্দ 'Ad Vertere' থেকে ইংরেজি কোন্ শব্দটি জাত?

২৬। এ্যারিস্টটল জ্ঞাপনের কয়টি উপাদানের কথা বলেছেন?

২৭। 'FM'-এর পূর্ণ রূপটি লেখো।

২৮। বিশ্বের প্রথম অনলাইন নিউজ পোর্টাল কোনটি?

২৯। 'Journal' শব্দটি কোন্ ভাষা থেকে জাত?

৩০। ভারতীয় সংবাদপত্রের জনক কে?

## SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

৩১। রূপান্তর বলতে কী বোঝ?

৩২। অনুবাদতত্ত্ব-বিষয়ক দুটি গ্রন্থের নাম লেখো।





৩৩। গিরিশচন্দ্র ছাড়া 'ম্যাকবেথ' নাটকের অন্য দুজন অনুবাদকের নাম লেখো।

৩৪। "নিজ পুরুষার্থ বলে, চাহ কি লভিতে
জীবনের সার রত্ন-মুকুট-ভূষণ?"
বক্তা কে? কাকে লক্ষ্য করে এই উক্তি করা হয়েছে?

৩৫। "Happiness is when what you think, what you say, and what you do are in harmony."
বাংলায় অনুবাদ করো।

৩৬। "সবল হোৱা কিন্তু দুৰ্বল নহবা। শক্তিশালী হোৱা কিন্তু অত্যাচাৰী নহবা।"
বাংলায় অনুবাদ করো।

৩৭। সংবাদ পরিবেশনের দুটি উদ্দেশ্য উল্লেখ করো।

৩৮। 'হলুদ সাংবাদিকতা' বলতে কী বোঝ?

৩৯। জ্ঞাপনের দুটি মাধ্যমের নাম লেখো।

৪০। আন্তঃজ্ঞাপন বলতে কী বোঝ?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



## SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৫×৫=২৫

৪১। ভাষান্তর বা আক্ষরিক অনুবাদ সম্পর্কে আলোচনা করো।

৪২। 'শকুন্তলা' অনুবাদে বিদ্যাসাগরের কৃতিত্ব বিশ্লেষণ করো।

৪৩। লেডি ম্যাকবেথ চরিত্রটি আলোচনা করো।

৪৪। 'ম্যাকবেথ' নাটকে ডাইনিদের ভূমিকা আলোচনা করো।

৪৫। एक शहर में शुद्धपट नाम का धोबी रहता था। उसके पास एक गधा भी था। घास न मिलने से वह बहुत दुबला हो गया। धोबी ने तब एक उपाय सोचा। कुछ दिन पहले जंगल में घूमते-घूमते उसे एक मरा हुआ शेर मिला था, उसकी खाल उसके पास थी। उसने सोचा यह खाल गधे को ओढ़ा कर खेत में भेज दूँगा, जिससे खेत के रखवाले इसे शेर समझकर डरेंगे और इसे मार कर भगाने की कोशिश नहीं करेंगे।

धोबी की चाल चल गई। हर रात वह गधे को शेर की खाल पहना कर खेत में भेज देता था। गधा भी रात भर खाने के बाद घर आ जाता था।

लेकिन एक दिन यह पोल खुल गई। गधे ने एक गधी की आवाज सुन कर खुद भी अरड़ाना शुरू कर दिया। रखवाले शेर की खाल ओढ़े गधे पर टूट पड़े, और उसे इतना मारा कि बिचारा मर ही गया। उसकी वाचालता ने उसकी जान ले ली।

অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো।





৪৬। The popular myth about the Bhuban Hill is that in ancient times, the hill abounded with images of Hindu Gods and Goddesses. Subsequently, Naga saints, who settled near the hills, assumed the images to be those of their ancestors and decided to shift them to one place.

They used ropes to tie the images at the waist to drag them. A curse befell the ones dragging the statues and they were hurtled hither-thither and were instantly turned into stones.

A nearby raised stone alter with a Naga saint offering prayers to a deity and apparently atoning for the sins of his ancestors, is said to be a testimony to the myth.

অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো।

৪৭। সাংবাদিকের দায়বদ্ধতা সম্পর্কে আলোচনা করো।

৪৮। সংবাদের পাঁচটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

৪৯। মৌখিক জ্ঞাপনের প্রকারভেদগুলির পরিচয় দাও।

৫০। গণজ্ঞাপনের প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করো।

***

CENTRAL LIBRARY N.C.COLLEGE



**TDC (CBCS) Odd Semester Exam., 2020**
**held in March, 2021**

# BENGALI

**( 3rd Semester )**

Course No. : BNGDSC/BNGGE-301T

( বাংলা ভাষাতত্ত্ব )

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণ মান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

যে কোনো কুড়িটি প্রশ্নের অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×২০=২০

১। কোন্ ভাষাবংশ থেকে ভারতীয় আর্যভাষার সৃষ্টি হয়েছে?

২। মধ্য ভারতীয় আর্যভাষার একটি নিদর্শন উল্লেখ করো।

৩। অশোকানুশাসনের ভাষার কয়টি আঞ্চলিক রূপ ছিল?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৪। নব্য ভারতীয় আর্যভাষার কালসীমা উল্লেখ করো।

৫। 'ঋগ্বেদ সংহিতা' ভারতীয় আর্যভাষার কোন্ স্তরের নিদর্শন?

৬। ভারতীয় আর্যভাষার কয়টি স্তর রয়েছে?

৭। বাংলা ছাড়া মাগধী প্রাকৃত থেকে আগত একটি নব্য ভারতীয় আর্যভাষার নাম লেখো।

৮। পালি ভাষা ভারতীয় আর্যভাষার কোন্ স্তরে পাওয়া যায়?

৯। বাংলা ভাষার ইতিহাসকে কয়টি যুগে ভাগ করা হয়েছে?

১০। আদি মধ্যযুগের বাংলা ভাষার সাহিত্যিক নিদর্শন কোনটি?

১১। আদি মধ্য বাংলার কালসীমা উল্লেখ করো।

১২। অভিশ্রুতি বাংলা ভাষার কোন্ স্তরে লক্ষ্য করা যায়?

১৩। ভণতি > ভনই—এটি কোন্ যুগের বাংলা ভাষার বৈশিষ্ট্য?

১৪। আধুনিক বাংলা স্তরের একটি বৈশিষ্ট্য লেখো।





১৫। প্রাচীন বাংলায় অপাদান কারকে 'এ' বিভক্তি প্রয়োগের একটি দৃষ্টান্ত দাও।

১৬। অন্ত্য-মধ্য বাংলায় কর্মকারকে 'কে' বিভক্তি প্রয়োগের একটি দৃষ্টান্ত দাও।

১৭। মানুষের উচ্চারিত, অর্থবহ, বহুজনবোধ্য ধ্বনিসমষ্টিকে কী বলা হয়?

১৮। বাংলা ভাষার কয়টি উপভাষা রয়েছে?

১৯। সন্ধ্যাভাষার একটি বৈশিষ্ট্য লেখো।

২০। বঙ্গালী উপভাষার একটি বৈশিষ্ট্য লেখো।

২১। পাত্র > বর—এটি শব্দার্থ পরিবর্তনের কোন্ ধারা?

২২। অর্থবিস্তারের একটি দৃষ্টান্ত লেখো।

২৩। শব্দার্থ পরিবর্তনের একটি কারণ লেখো।

২৪। অর্থসংকোচের একটি উদাহরণ দাও।

২৫। একাধিক পদ মিলিত হয়ে যখন একটি সম্পূর্ণ ভাব প্রকাশ করে তখন সেই শব্দসমষ্টিকে কী বলা হয়?

২৬। আদি স্বরলোপের একটি উদাহরণ দাও।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২৭। তালব্যীভবনের একটি দৃষ্টান্ত লেখো।

২৮। ঐতিহ্যগত ব্যাকরণে বাক্যকে কয়টি অংশে ভাগ করা হয়েছে?

২৯। বাংলা ভাষায় পদক্রমের মূল সূত্রটি লেখো।

৩০। বাক্যের 'বিধেয়' বলতে কী বোঝায়?

৩১। ধ্বনি পরিবর্তনের একটি কারণ লেখো।

৩২। অপিনিহিতির একটি দৃষ্টান্ত দাও।

৩৩। কর্মকারকে শূন্য বিভক্তির একটি দৃষ্টান্ত দাও।

৩৪। অপাদানে সাধারণত যে দুটি অনুসর্গ ব্যবহৃত হয় সেগুলি কী কী?

৩৫। এ কলমে ভালো লেখা যায় না।

নিম্নরেখ শব্দটি কোন্ কারকের দৃষ্টান্ত?

৩৬। ঘরেতে ভ্রমর এলো গুনগুনিয়ে।

নিম্নরেখ শব্দটির কারক নির্ণয় করো।





৩৭। 'দশ আনন যাহার'—এই ব্যাসবাক্যটি কোন্ সমাসের দৃষ্টান্ত?

৩৮। 'সিংহাসন'—এই সমস্তপদের ব্যাসবাক্যটি লেখো।

৩৯। দ্বিগু সমাসের একটি উদাহরণ দাও।

৪০। তৎপুরুষ সমাসের সংজ্ঞা লেখো।

## SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

৪১। ইন্দো-ইরানীয় ভাষাগোষ্ঠী কতগুলি শাখায় বিভক্ত? সেগুলি কী কী?

৪২। প্রাচীন ভারতীয় আর্যভাষায় প্রত্যয়ের রূপ কয়টি ছিল? সেগুলি কী কী?

৪৩। 'চর্যাপদ'-এর ভাষাকে 'সন্ধ্যাভাষা' বলার দুটি কারণ উল্লেখ করো।

৪৪। অন্ত্য-মধ্য বাংলার দুটি সাহিত্যিক নিদর্শন-এর উল্লেখ করো।

৪৫। 'রাঢ়ী' উপভাষার দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

৪৬। শব্দার্থ পরিবর্তনের দুটি উদাহরণ দাও।

৪৭। সুভাষণ রীতির সংজ্ঞাসহ একটি উদাহরণ দাও।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৪৮। আদর্শ বাক্যগঠনের প্রধান শর্ত কয়টি ও কী কী?

৪৯। করণকারকে দুটি ভিন্ন ভিন্ন বিভক্তি প্রয়োগের দৃষ্টান্ত দাও।

৫০। অব্যয়ীভাব সমাস কাকে বলে? একটি দৃষ্টান্ত দাও।

## SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৮×৫=৪০

৫১। মধ্য ভারতীয় আর্যভাষার লক্ষণগুলি উদাহরণসহ লেখো।

৫২। নব্য ভারতীয় আর্যভাষা-পর্বের বাংলা ভাষার প্রধান বৈশিষ্ট্যগুলি লেখো।

৫৩। প্রাচীন বাংলা স্তরের প্রধান বৈশিষ্ট্যগুলি উদাহরণ সহযোগে লিপিবদ্ধ করো।

৫৪। আদি মধ্য বাংলার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ লেখো।

৫৫। সংজ্ঞা ও উদাহরণ সহযোগে অর্থবিস্তার ও অর্থসংকোচ বিষয়ে আলোচনা করো।

৫৬। বঙ্গালী উপভাষার প্রধান বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও।





৫৭। গঠন প্রকৃতি অনুসারে বাক্যকে কয়টি শ্রেণিতে ভাগ করা হয়, সেগুলি কী কী? উদাহরণসহ যে কোনো দুটি ভাগের বিষয়ে আলোচনা করো।

৫৮। ধ্বনি পরিবর্তনের প্রধান সূত্রগুলির সোদাহরণ পরিচয় দাও।

৫৯। দ্বন্দ্ব সমাসকে যে কয়টি উপ-শ্রেণিতে বিভক্ত করা হয়েছে, সংজ্ঞা ও উদাহরণসহ সেগুলির পরিচয় দাও।

৬০। কারক কাকে বলে? কর্ম ও কর্তৃকারকে বিভিন্ন বিভক্তির ব্যবহারের পরিচয় দাও।

★★★



2020/TDC (CBCS)/ODD/SEM/
BNGDSC/GE-301T/365